



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বিজ্ঞপ্তি নং ০৫/২০২০

বন্দর ভবন, চট্টগ্রাম ৪১০০

www.cpa.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহ্বান করছে :

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জাঃবেঃস্কেল-২০১৫	২৫/০৩/২০২০ খ্রি. তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	পরিবহন কর্মকর্তা	০৫	টাঃ ২২০০০- ৫৩০৬০/- (গ্রেড-৯)	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। খ) কার্গো হ্যান্ডলিং অপারেশন এবং শিপিং ইত্যাদি কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
২।	ফাইন্যান্স অফিসার/ একাউন্টস অফিসার/ অডিট অফিসার	০১	টাঃ ২২০০০- ৫৩০৬০/- (গ্রেড-৯)	অনূর্ধ্ব ৩০ বৎসর	ক) হিসাব বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী সহ কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা একাউন্টিং এ মেজরসহ এম বি এ ডিগ্রী।

অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী :

- আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট jobsepa.org তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;
- অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ X ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০ X ৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে;
- অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা ;
- আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইন আবেদনের কপির সাথে, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে আবেদনের ১৫(পনের) দিনের মধ্যে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে;
- কর্তৃপক্ষ কোন প্রার্থীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে চবক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- প্রার্থীদের অন-লাইনে আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে;
- প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;
- নিয়োগের ব্যাপারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করা হবে;
- অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা ত্রাস/বৃদ্ধি হতে পারে;
- বীর মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের আবেদনের ক্ষেত্রে বয়স ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যাদের (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর;
- এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- অন লাইনে আবেদন গ্রহণ শুরু সময় : ১২ /১১/২০২০ খ্রিঃ সকাল ১০-০০ টা;
- অন লাইনে আবেদন গ্রহণের শেষ সময় : ১২ /১২/২০২০ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত;
- সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখ-১৪/১২/২০২০ খ্রিঃ;
- নিয়োগ সংক্রান্ত তথ্যের জন্য কল সেন্টার ১৬৫৬৩ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।

০৪/১২/২০

(মোঃ মমিনুর রশিদ, উপসচিব)

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ